

কদমতলা পূর্ব বাসাবো স্কুল এন্ড কলেজ

KPB School & College

শ্রেণী: দশম

বিষয়: অর্থনীতি

Online Assignment

সময়: ২ঘন্ট

পূর্ণমান: ৫০

১.জামাল একজন কৃষক। সে তার স্বল্প জমিতে লাউ চাষ করে। দৈনন্দিন চাহিদা মেটানোর পর সে তার উৎপাদিত অতিরিক্ত পণ্য পীরুমিয়ার কাছে কম দামে বিক্রি করতে বাধ্য হয়। পীরু মিয়া সেই লাউ শহরে নিয়ে বিক্রি করে প্রচুর মুনাফা করে।

- | | | |
|-----|---|---|
| (ক) | অর্থনীতিতে বাজার কী ? | ১ |
| (খ) | একচেটিয়া বাজারে নতুন ফার্ম প্রবেশ করতে পারে না কেন? | ২ |
| (গ) | উদ্দীপকে উল্লিখিত পীরু মিয়া কী ধরনের ব্যবসায়ী ? ব্যাখ্যা করো। | ৩ |
| (ঘ) | জামাল তার উৎপাদিত পণ্যটি সময়ের বিবেচনায় কোন ধরনের বাজার, ব্যাখ্যা কর? | ৪ |

২.রায়হান সাহেবের একটি কাপড় তৈরির কারখানা আছে। জাতীয় আয় গণনার তথ্য সংগ্রহের সময় তথ্য সংগ্রহকারী রায়হান সাহেবের কাপড় তৈরির কারখানা থেকে আয়ের তথ্য সংগ্রহ করেছে।

- | | | |
|-----|---|---|
| (ক) | NNPএর পূর্ণরূপ কী ? | ১ |
| (খ) | নিট জাতীয় উৎপাদন বলতে কী বোঝায়? | ২ |
| (গ) | উদ্দীপকে উল্লিখিত জাতীয় আয় পরিমাপের পদ্ধতিটি ব্যাখ্যা করো। | ৩ |
| (ঘ) | উক্ত পরিমাপ পদ্ধতিটি জাতীয় আয় পরিমাপের নির্ভুল পদ্ধতি কিনা মতামত দাও। | ৪ |

৩.মেহেরাব বাহেবের 'Q' ব্যাংকে একটি সঞ্চয়ী হিসাব আছে। সেখানে তিনি তার আয়ের কিছু অংশ জমা রাখেন। তবে 'Q' ব্যাংককে নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান করে 'P' ব্যাংক।

- | | | |
|-----|---|---|
| (ক) | বিহিত অর্থ কী ? | ১ |
| (খ) | স্থায়ী আমানত বলতে কী বোঝায়? | ২ |
| (গ) | উদ্দীপকের 'Q' ব্যাংকের কার্যাবলি ব্যাখ্যা করো। | ৩ |
| (ঘ) | 'P' ব্যাংক 'Q' ব্যাংক কে নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান করে - বিশ্লেষণ করো। | ৪ |

৪.নিচের ছকটির আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও-

'ক' খাত → রেস্টোরা

'খ' খাত → চামড়ার তৈরি পণ্য।

- | | | |
|-----|--|---|
| (ক) | উপকরণ বলতে কী বোঝায়? | ১ |
| (খ) | EPZ স্থাপন করার উদ্দেশ্য কী? | ২ |
| (গ) | 'ক' খাতের উদাহরণটি কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। | ৩ |
| (ঘ) | 'খ' খাতের দ্রব্যটির উপখাতগুলো বর্ণনা দাও। | ৪ |

৫.২০১৮-১৯ অর্থবছরে 'A' দেশের বাজেটে প্রত্যাশিত আয় ৬০,০০০ কোটি টাকা ও প্রত্যাশিত ব্যয় ৬০,০০০ কোটি টাকা ধরা হয়েছে। কিন্তু 'B' দেশে প্রত্যাশিত আয় ৩৫,০০০ কোটি হলেও প্রত্যাশিত ব্যয় ধরা হয়েছে ৫০,০০০ কোটি টাকা।

- | | |
|--|---|
| (ক) VAT কী ? | ১ |
| (খ) বাজেট কিভাবে সরকারের চালিকা শক্তিতে পরিনত হয়? | ২ |
| (গ) উদ্দীপকে 'A' দেশের বাজেটটি কোন ধরনের ? ব্যাখ্যা কর। | ৩ |
| (ঘ) 'B' দেশের বাজেটটি বাংলাদেশের মতো দেশের জন্য মঙ্গলজনক কিনা বিশ্লেষণ কর। | ৪ |